<u>রেজিস্টার্ড এ/ডি সহযোগে</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৮.২২-৯১০

তারিখ : ১৮ ফাল্গুন ১৪৩০
২৯ ফেব্রুয়ারি ২০২৪

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ আনোয়ার পারভেজ (পরিচিতি নম্বর ৬০২২৭৮), নির্বাহী প্রকৌশলী, সওজ, ঝিনাইদহ সড়ক বিভাগ, ঝিনাইদহ (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক উপ-বিভাগ-২) "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের কাজে উপ-বিভাগীয় প্রকৌশলী হিসেবে ডিপিপি প্রণয়নের সাথে জড়িত ছিলেন;

এবং

যেহেতু, গত ১৬ জানুয়ারি ২০২২ তারিখে "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের ডিপিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত পর্যালোচনা সভায় প্রকল্পটির ডিপিপি প্রণয়ন এবং সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় দেখা যায় প্রকল্পটির অনুমোদন পরবর্তী সময়ে ভূমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে সড়ক বিভাগ সিরাজগঞ্জ অংশে সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) সড়কের প্রস্তাবিত এলাইনমেন্টের '৩টি' এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) সড়কের প্রস্তাবিত এলাইনমেন্টের ১১টি মৌজাসহ সর্বমোট ১৪টি মৌজার নাম ডিপিপিতে নেই। এছাড়া ৩টি মৌজা প্রয়োজনের অতিরিক্ত অন্তর্ভুক্ত হয়েছে। বাদপড়া মৌজার প্রয়োজনীয় ভূমি অন্তর্ভুক্ত করে এবং অতিরিক্ত অন্তর্ভুক্ত জমি বাদ দিয়ে সড়ক বিভাগ, সিরাজগঞ্জ অংশে এজন্য ২৩.০০ একর ভূমি এবং সড়ক বিভাগ, বগুড়া অংশে ৫.২৩০ একর ভূমি প্রয়োজন হবে। তাই অতিরিক্ত অন্তর্ভূক্ত মৌজা (৩টি) বাদ দিয়ে বাদপড়া মৌজা (১৪টি) অন্তর্ভুক্তির কারণে ডিপিপি সংশোধন করে ভূমি অধিগ্রহণের প্রস্তাব করা হয়েছে;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত করা হবে না বা উপযুক্ত অন্য কোনো শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কিছু জ্ঞাত করাতে চান কি-না, কিংবা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, তিনি গত ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন। সে প্রেক্ষিতে গত ০৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও শুনানীকালে প্রদত্ত বক্তব্য বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব, জনাব মোঃ মনিরুল আলম-কে গত ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু সড়কটি বন্যাপ্রবণ এলাকা ও যমুনা নদীর তীরবর্তী হওয়ায় ডিপিপিতে যে পরিমাণ কনক্রিট স্লোপ প্রটেকশন ধরা আছে তার চেয়ে সিরাজগঞ্জ অংশে আরো অতিরিক্ত ৮৮০০.০০ বর্গমিটার এবং বগুড়া অংশে ২৪০০০.০০ বর্গমিটার সর্বমোট ৩২৮০০.০০ বর্গমিটার কনক্রিট রক্ষাপ্রদ কাজের প্রয়োজন হয়, সড়ক বিভাগ, বগুড়া অংশের প্যাকেজ নং-০৯ এবং ১০ এ অতিরিক্ত আরসিসি রিটেইনিং ওয়াল ২৪০০.০০ মিটার এবং ব্রিক টো-ওয়াল ৩০০০.০০ মিটার সড়ক প্রশস্ততা বৃদ্ধি পাওয়ায় গুপ্ত ৩টি কালভার্ট প্রশস্তকরণ এবং নিরাপদ ও সহজ ট্রাফিক ব্যবস্থার লক্ষ্যে আধুনিক ও দৃষ্টিনন্দন ট্রাফিক সাইন স্থাপনের জন্য নতুন একটি প্যাকেজ অন্তর্ভূক্তির প্রয়োজন দেখা দেয়;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ আনোয়ার পারভেজ (পরিচিতি নম্বর ৬০২২৭৮), নির্বাহী প্রকৌশলী, সওজ, ঝিনাইদহ সড়ক বিভাগ, ঝিনাইদহ (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক উপ-বিভাগ-২) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক গত ০২ মে ২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত লিখিত বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর জবাব এবং ডিপিপি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় ডিপিপি প্রণয়নের পূর্বে কোনো সমীক্ষা কার্যক্রম গ্রহণ করা হয়নি। ডিপিপি প্রণয়নের ০৫ (পাঁচ) বছর পর কাজ শুরু করা হয়। সে কারণে বাস্তব প্রয়োজনে পরিবর্তন করা হয়েছে এবং কাজের হ্রাস বৃদ্ধি হয়েছে। সুতরাং ত্রুটিপূর্ণ ডিজাইন প্রণয়ন সংক্রান্ত অভিযোগ দুইটি প্রমাণিত হয়নি। তার দোষ স্বীকারের বিষয়টি আনুগত্য এবং শিষ্টাচারজনিত। ভূমি অধিগ্রহণ প্রাক্কলন বিষয়ে কর্তব্য অবহেলা প্রমানিত হয়েছে। তিনি শুধুমাত্র সার্ভেয়ারের প্রতিবেদনের উপর অতিমাত্রায় নির্ভর করায় ভূমি অধিগ্রহণের প্রাক্কলনে স্বাক্ষর করেছেন। সমীক্ষা ব্যতীত প্রকল্প প্রণয়ন এবং ডিজাইন অনুমোদনের ০৫ (পাঁচ)

২/পৃষ্ঠা

বছর পর কাজ শুরু করতে গেলে এ ত্রুটি ধরা পরে। জনাব মোহাম্মদ আনোয়ার পারভেজ (পরিচিতি নম্বর ৬০২২৭৮), নির্বাহী প্রকৌশলী, সওজ, ঝিনাইদহ সড়ক বিভাগ, ঝিনাইদহ (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক উপ-বিভাগ-২) শুধু সার্ভেয়ারের প্রতিবেদনের উপর নির্ভর না করে তাকে নিয়ে প্রকল্প এলাকা পরিদর্শন করলে এ ত্রুটি হতো না। এখানে তার কর্তব্য অবহেলা হয়েছে যা লঘুদন্ড আরোপযোগ্য অসদাচরণ;

এবং

এক্ষণে জনাব মোহাম্মদ আনোয়ার পারভেজ (পরিচিতি নম্বর ৬০২২৭৮), নির্বাহী প্রকৌশলী, সওজ, ঝিনাইদহ সড়ক বিভাগ, ঝিনাইদহ (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক উপ-বিভাগ-২) এর বিরুদ্ধে আনীত ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়নের অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পর্যালোচনায় "সিরাজগঞ্জ-কাজিপুর-ধুনট-শেরপুর (জেড-৫৪০১) এবং সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট (সোনামুখী) (জেড-৫৪০৫) মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ" শীর্ষক উন্নয়ন প্রকল্পের ভূমি অধিগ্রহণের বিষয়ে প্রস্তাব প্রাপ্তির পর যথাযথ যাচাই ব্যতিরেকে সার্ভেয়ারের প্রতিবেদনের উপর নির্ভর করে সরেজমিন পরিদর্শন না করায় তার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা করেছেন। এ ধরণের আচরণ কর্তব্য অবহেলাজনিত অসদাচরণ হলেও তা গুরুদন্ড আরোপযোগ্য নয়।

এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) মোতাবেক জনাব মোহাম্মদ আনোয়ার পারভেজ (পরিচিতি নম্বর ৬০২২৭৮), নির্বাহী প্রকৌশলী, সওজ, ঝিনাইদহ সড়ক বিভাগ, ঝিনাইদহ (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক উপ-বিভাগ-২) -কে লঘুদন্ড হিসেবে তিরস্কার (Censure) দন্ড প্রদান করা হলো এবং ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৯.২.২৪

(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৮.২২-১১০

তারিখ : ২৬ ফাল্গুন ১৪৩০
২৯ ফেব্রুয়ারি ২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা ঢাকা
০৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৭. অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৯. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তাঁর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৪. জনাব মোহাম্মদ আনোয়ার পারভেজ (পরিচিতি নম্বর ৬০২২৭৮), নির্বাহী প্রকৌশলী, সওজ, ঝিনাইদহ সড়ক বিভাগ, ঝিনাইদহ (সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ সড়ক উপ-বিভাগ-২)

২৯.০২.২০২৪
(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫৬০৯৬৬

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সংমেঃ ই-১/ সংমেঃই-২
- নথি

ডাইরি নং ৬২৬
তারিখ ০১/০৪/২৪
স্বাক্ষর